

শ্রী অতীন ঘোষ  
সদস্য, মেয়র পরিষদ (স্বাস্থ্য)

5309  
15 JUL 2015



No. MIC/MA/1935-D/2015 9/7/2015

কলকাতা পৌরসংস্থা

সেন্ট্রাল মিউনিসিপ্যাল অফিস

৫, এস. এন. ব্যানার্জী রোড, কলকাতা - ৭০০ ০১৩

দূরভাষ : ২২৮৬ ১১২০

এক্সটেনশন : ২৪৬৫, আই সি - ২১৩

রেসিডেন্স - ২৫৫৫ ৯০৫০

মাননীয় পুর ও নগরোন্নয়ন মন্ত্রী সমীপে,  
পশ্চিমবঙ্গ সরকার

*Handwritten notes:*  
10/7/15  
me for take up the matter with KMC  
8/7/15

বিষয় : ১ আগস্ট ২০১৫ তারিখে মশাবাহিত রোগ প্রতিরোধে পরিকাঠামোগত উন্নয়ন  
বিষয়ে কলকাতা-সংলগ্ন বিভিন্ন পৌরসংস্থা এবং পুরসভাকে নিয়ে আলোচনা সভা

মহাশয়,

*Printed stamp:*  
Pinhad Hakin  
Minister  
M.A. & U.D. Deptt.  
Govt. of West Bengal  
POCH  
2/10/15

কলকাতা পৌর এলাকায় মশাবাহিত রোগ প্রতিরোধে কাঙ্ক্ষিত সাফল্য পেতে গেলে শহর-সংলগ্ন অন্যান্য পৌর এলাকাতেও পরিকাঠামোর উন্নয়নের মাধ্যমে ভেক্টর কন্ট্রোল-সহ সংশ্লিষ্ট অন্যান্য কাজ জোরদার করা অত্যন্ত আবশ্যিক। বিগত দু'বছর ধরে রাজ্য সরকার, ডাইরেক্টরেট অফ NVBDCP এবং NUHM -এর সঙ্গে একাধিকবার আলোচনা করেছে কলকাতা পৌরসংস্থার স্বাস্থ্য দফতর। গত ১৫ জুন নির্মাণ ভবনে NUHM এবং NVBDCP -র আধিকারিকদের সঙ্গে আরও একপ্রস্থ আলোচনা করে পুর স্বাস্থ্য দফতর। মাননীয় মহানগরিকের নির্দেশে আমিও যোগ দিয়েছিলাম সেই মিটিং-এ। বৈঠকে ঠিক হয়, NUHM -এর আর্থিক সহায়তায় কলকাতা-সংলগ্ন বিভিন্ন পুরসভায় উল্লিখিত পরিকাঠামোগত উন্নয়নের বিষয়টি কলকাতায় এসে আলোচনা করবেন NVBDCP-র অধিকর্তা ডাঃ এসি খাড়িওয়াল এবং এই মর্মে শহর-সংলগ্ন বিভিন্ন পৌরসভাকে নিয়ে একটি মিটিং আয়োজনের জন্য কলকাতা পুর স্বাস্থ্য দফতরকে অনুরোধ করেন NUHM -এর অধিকর্তা তথা ভারত সরকারের Ministry of Health & F.W. -এর যুগ্ম সচিব নিকুঞ্জবিহারী ঢল (IAS)। মিঃ ঢল -এর পরামর্শক্রমে আগামী ১ আগস্ট হাওড়া ও বিধাননগর মিউনিসিপ্যাল কর্পোরেশন-সহ বরানগর, উত্তর ও দক্ষিণ দমদম, মধ্যমগ্রাম, রাজারহাট-গোপালপুর, রাজপুর-সোনারপুর, বারুইপুর এবং মহেশতলা মিউনিসিপ্যালিটির সঙ্গে আপনার অনুমতি সাপেক্ষে একটি মিটিং আয়োজন করার সিদ্ধান্ত নিয়েছে কলকাতা পৌরসভার স্বাস্থ্য দফতর। বৈঠকে উপস্থিত থাকবেন ডাঃ এসি খাড়িওয়াল-সহ অন্যান্য আধিকারিক।

আপনার অবগতি এবং অনুমতি-প্রাপ্তির জন্য পেশ করা হল।

ধন্যবাদসহ,

বিনীত

অতীন ঘোষ

(অতীন ঘোষ) ৮/৭/২০১৫

লোকাল ঠিকানা : ১৭ই, নলীন সরকার স্ট্রীট, কলকাতা - ৭০০ ০০৪, দূরভাষ - ২৫৩৩ ২৪৭৫ / ২৮৭৩ ০৭২৬

10/7/15  
10/7/15